

**Co-Chairpersons:**  
Sultana Kamal, Elsa Stamatopoulou  
Myrna Cunningham Kain

**Members:**  
Shaban Adnan, Lars-Anders Baer, Tone Bleie  
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum  
Yasmeen Haque, Sara Hossain,  
Muhammad Zafar Iqbal, Khushi Kabir  
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

## Chittagong Hill Tracts Commission

### বিবৃতি

রাঙামাটিতে হিল উইমেন্স ফেডারেশনের দুই নেত্রীকে অপহরণের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশনের গভীর উদ্বেগ প্রকাশ। অবিলম্বে অপহৃতদের দ্রুত উদ্ধার ও এ ঘটনায় জড়িতদের শাস্তি দাবি।

১৮ মার্চ ২০১৮, ঢাকা। আজ রাঙামাটি জেলার কুতুকছড়ি আবাসিক এলাকা থেকে হিল উইমেন্স ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মন্টি চাকমা ও রাঙামাটি জেলা শাখার সাধারণ সম্পাদক দয়াসোনা চাকমাকে একদল দুর্বৃত্ত অস্ত্রের মুখে অপহরণ করেছে বলে অভিযোগ পাওয়া যায়। দুই নেত্রীর অপহরণ ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। একইসাথে অপহৃতদের দ্রুত উদ্ধারের জন্য স্থানীয় প্রশাসনের প্রতি জোরালো আহ্বান জানাচ্ছে।

উল্লেখ্য যে, আজ রবিবার কুতুকছড়ি বাজারের হাট বার ছিল। এমন জনাকীর্ণ পরিবেশে ও নিরাপত্তাবাহিনীর উপস্থিতির মধ্যেও একদল অস্ত্রধারী দুর্বৃত্ত দিন-দুপুরে হামলা চালিয়ে গুলি করে একজনকে আহত করে ও অপর দুই হিল উইমেন্স ফেডারেশনের নেত্রীকে অপহরণের ঘটনায় এটাই প্রমাণ করে পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তার অজুহাতে ব্যাপক আইনশৃঙ্খলাবাহিনী ও নিরাপত্তাবাহিনীর উপস্থিতি প্রকৃত পক্ষে সেখানকার সাধারণ মানুষের জানমাল ও নিরাপত্তা দিতে চরমভাবে ব্যর্থ। শুধু এ অপহরণ ঘটনা নয়, এর আগে গত ৩ জানুয়ারি খাগড়াছড়িতে দিন-দুপুরে ইউপিডিএফ নেতা মিঠুন চাকমাকে তার বাড়ীর সামনে থেকে তুলে নিয়ে গিয়ে গুলি করে হত্যা করা হয়। এসময়ও আইন শৃঙ্খলাবাহিনীর ব্যর্থতা দেখা গিয়েছে। পার্বত্য চট্টগ্রামে আইন শৃঙ্খলা পরিস্থিতির এমন চরম অবনতিতে পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীরভাবে উদ্বেগ এবং বারবার এমন হত্যাকাণ্ড ও অপহরণের ঘটনায় কমিশন তীব্র ক্ষোভ প্রকাশ করেছে।

পার্বত্য চট্টগ্রাম কমিশন জোর দাবি করছে যে, অপহৃত দুই পাহাড়ি নেত্রীকে অবিলম্বে দ্রুত সুস্থ অবস্থায় উদ্ধার করা হোক। যারা এ ঘটনায় জড়িত তাদের চিহ্নিত করে দ্রুত গ্রেপ্তার করা হোক। এছাড়া মিঠুন চাকমাসহ যারা বিভিন্ন সময়ে হামলা ও হত্যার শিকার হয়েছেন সেসব ঘটনারও দ্রুত বিচার করা হোক।

ধন্যবাদসহ,

সুলতানা কামাল  
কো-চেয়ারপার্সন  
পার্বত্য চট্টগ্রাম কমিশন

এলসা স্টামাতোপোলৌ  
কো-চেয়ারপার্সন  
পার্বত্য চট্টগ্রাম কমিশন

মির্না কানিংহাম কেইন  
কো-চেয়ারপার্সন  
পার্বত্য চট্টগ্রাম কমিশন

সদস্য: ড. ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, মির্না কানিংহাম কেইন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি' কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরঞ্জি, টম এফিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।

International Secretariat:  
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark  
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06  
E-mail: cn@iwgia.org  
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com  
[www.chtcommission.org](http://www.chtcommission.org)